বাজেট=২০২০-২০২১-১২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট-১ শাখা।

স্মারক নং- ৪৪.০০.০০০০.০২৪.০৫.০০৪.২১ তারিখঃ ৩০ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ / ১৪ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

| | | |
|---|---|---|
| বিষয় | : | ১২/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | মোস্তাফা কামাল উদ্দীন, সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| স্থান | : | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ ও সময় | : | ১২/০৯/২০২১, সকাল ১১.৩০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (বাজেট), বাজেট ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম ও কার্যবিবরণীর বিষয়বস্তু সভাকে অবহিত করেন এবং বাজেট-১ শাখার সিনিয়র সহকারী সচিব আলোচ্যসুচি অনুযায়ী বিষয়বস্তু সভায় উপস্থাপন করেন।

০২। আলোচনা-১: জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের চলতি ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে প্রত্যেক দপ্তর/অধিদপ্তর এর প্রধান/প্রতিনিধি এর মতামত গ্রহণ করা হয়। অর্থ বিভাগের নির্দেশনার আলোকে বার্ষিক ক্রয় পরিকল্পনা মোতাবেক চলতি অর্থবছরের ক্রয়কার্য সম্পাদন করার জন্য সভায় উপস্থিত প্রতিনিধিগণ মতামত ব্যক্ত করেন। আগামী অর্থবছরে জননিরাপত্তা বিভাগের আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের এপিএ প্রণয়নকালে বার্ষিক ক্রয় পরিকল্পনা মোতাবেক ক্রয়কার্য সম্পাদন করার বিষয়টি এপিএ কার্যক্রমে অন্তর্ভূক্তি নিশ্চিত করার পক্ষে মতামত ব্যক্ত করা হয়।

০৩। আলোচনা-২: জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের ২০২১-২০২২ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়নের অংশ হিসেবে প্রাপ্ত বাজেট ৪টি কোয়ার্টারে বিভাজনপূর্বক ibas++ সফটওয়ারে এন্ট্রি করা হয়েছে মর্মে প্রতিনিধিগণ সভাকে অবহিত করেন। প্রত্যেক কোয়ার্টার শেষ হবার পর প্রত্যেক দপ্তর/অধিদপ্তরের বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ করার পক্ষে মতামত ব্যক্ত করা হয়।

০৪। আলোচনা-৩: জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের বাজেট প্রণয়নকালে সর্বোচ্চ সতর্কতার সাথে দায়িত্ব পালনের আহবান জানানো হয়। অর্থবছরের শুরুতে পুনঃউপযোজনের প্রস্তাব প্রেরণের বিষয়টি নিরুৎসাহিত করা হয়। সামগ্রিকভাবে বিবেচ্য অর্থবছরে বড় অংকের অর্থ পুনঃউপযোজন নিরুৎসাহিত করে সংশ্লিষ্ট সকলকে আরো আরো সতর্কতার সাথে বাজেট প্রণয়ন করার জন্য মতামত ব্যক্ত করা হয়।

০৫। আলোচনা-৪: জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের স্ব-স্ব দপ্তর/অধিদপ্তরের ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা পর্যলোচনার বিষয়ে বিস্তারিতভাবে সভায় উপস্থাপনপূর্বক মতামত গ্রহণ করা হয়। সংশ্লিষ্ট অর্থবছরে উপস্থাপিত ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা প্রণয়নপূর্বক পুস্তিকা জননিরাপত্তা বিভাগে আগামী ৩০ নভেম্বর, ২০২১ তারিখের মধ্যে প্রেরণ করার বিষয়ে মত প্রকাশ করেন।

০৬। আলোচনা-৪: চলতি ২০২১-২০২২ অর্থবছরের বরাদ্দকৃত বাজেট নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি চলতি ২০২১-২০২২ অর্থবছরের বাজেটে ১ম কোয়ার্টার এর রাজস্ব প্রাপ্তি, উন্নয়ন ও অনুন্নয়ন বাজেট বাস্তবায়ন নির্দিষ্ট সময়সীমার মধ্যে বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন।

০৭। আলোচনা-৫: অতিরিক্ত চাহিদার বিষয়ে সভাপতি সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। তিনি বলেন, অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বাজেট সিলিং এর বেশী অর্থ বরাদ্দের বিষয়টি জননিরাপত্তা বিভাগ সর্বোচ্চ গুরুত্বসহকারে বিবেচনাপূর্বক কার্যক্রম গ্রহণ করেছে এবং ইতোমধ্যে অর্থ বিভাগের সহিত ফলপ্রসূ আলোচনার মাধ্যমে সিলিং বহির্ভূত অতিরিক্ত বরাদ্দের সংস্থান করা ফলপ্রসূ হয়েছে। তবে দেশের আইন-শৃংখলা সুচারুরূপে পরিচালনা, জনগণের জানমালের নিরাপত্তা বিধান, সীমান্তে নিরাপত্তা ও চোরাচালান বন্ধ, নারী ও শিশু পাচার রোধ সংক্রান্ত প্রয়োজনীয় পরিকল্পনা সম্পন্নপূর্বক প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম যৌক্তিক সময়ের মধ্যেই শেষ করতে হবে। তাছাড়া, অর্থ বিভাগ কর্তৃক চলতি ২০২১-২০২২ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন এবং স্ব-স্ব অধিক্ষেত্রের রাজস্ব আয় বৃদ্ধির ক্ষেত্র চিহ্নিত করে সরকারের নির্বাহী আদেশের মাধ্যমে রাজস্ব বৃদ্ধির পরিকল্পনা গ্রহন করার জন্য অনুরোধ জানান। সরকার ঘোষিত নির্বাচনী ইশতেহার, ভিশন- ২০২১ ২০৪১, এসডিজি প্রভৃতি বিষয় সামগ্রিক বিবেচনায় নিয়ে সরকার ঘোষিত সেবা জনগণের কাছে পৌছানো নিশ্চিত করতে হবে; যাতে জননিরাপত্তা বিভাগের ভাবমূর্তি আরও উজ্জ্বল হয়।

চলমান পাতা-২

০৭। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়:

(ক) বার্ষিক ক্রয় পরিকল্পনা মোতাবেক চলতি অর্থবছরের ক্রয়কার্য সম্পাদন করার সিদ্ধান্ত গৃহিত হয়। তাছাড়া, আগামী অর্থবছরে জননিরাপত্তা বিভাগের আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের এপিএ প্রণয়নকালে বার্ষিক ক্রয় পরিকল্পনা মোতাবেক ক্রয়কার্য সম্পাদন করার বিষয়টি এপিএ কার্যক্রমে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

(খ) চলতি ২০২১-২২ অর্থবছরে ৪টি কোয়ার্টারে বিভাজনকৃত বাজেট প্রত্যেক কোয়ার্টার শেষ হবার পর বিএমসির সভায় পরিবীক্ষণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

(গ) বিবেচ্য অর্থবছরে বড় অংকের অর্থ পুনঃউপযোজন নিরুৎসাহিত করে সংশ্লিষ্ট সকলকে আরো সতর্কতার সাথে বাজেট প্রণয়নের জন্য সভায় সর্বোসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

(ঘ) ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা প্রণয়নপূর্বক পুস্তিকা আগামী ৩০ নভেম্বর, ২০২১ তারিখের মধ্যে জননিরাপত্তা বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০৮। আলোচ্যসূচিতে আর কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোস্তাফা কামাল উদ্দীন)
সিনিয়র সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি, জননিরাপত্তা বিভাগ।

বিতরণঃ

১। ------------------------------------------------------------------------------------দপ্তর/অধিদপ্তর প্রধান সকল।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব, উন্নয়ন/ পুলিশ ও এনটিএমসি/ রাজনৈতিক ও আইসিটি/ আনসা/ আইন ও শৃংখলা জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। অতিরিক্ত সচিব(বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৬। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭। উপসচিব, পরিকল্পনা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন,সেগুন বাগিচা,ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(বিকাশ বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬১৭৬

স্মারক নং- ৪৪.০০.০০০০.০২৪.০৫.০০৪.২১ ৫৯/৯(৪)  তারিখঃ ৩০ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ-সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।(ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(বিকাশ বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব